

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ০৩/২০১৬

অভিযোগকারী : জনাব মোঃ সিফাতুল্লাহ সাঈদী
সিনিয়র স্টাফ রিপোর্টার
দৈনিক সময়ের কাগজ
মতিয়ার ভবন, দাদাপুর রোড
কুষ্টিয়া।

প্রতিপক্ষ : খোদেজা খাতুন
উপজেলা নির্বাহী কর্মকর্তা
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
কুষ্টিয়া সদর উপজেলা, কুষ্টিয়া।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১০-০২-২০১৬ ইং)

অভিযোগকারী জনাব মোঃ সিফাতুল্লাহ সাঈদী ০৩-১১-২০১৫ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সদর উপজেলা, কুষ্টিয়া বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- কুষ্টিয়া সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা গত ২০১৪-২০১৫ অর্থ বছরে সদর উপজেলা সাব রেজিস্ট্রার অফিস থেকে ভূমি হস্তান্তরিত কর বাবদ মোট ২,৪১,৪১,৭৮৫/- (দুই কোটি একচল্লিশ লক্ষ একচল্লিশ হাজার সাতশত পঁচাশি) টাকা প্রাপ্ত হয়েছেন যা দিয়ে কোন কোন প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে তার সত্যায়িত ফটোকপি।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ০১-১২-২০১৫ তারিখে জেলা প্রশাসক ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কুষ্টিয়া বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদনের পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-১২-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৮-০১-২০১৬ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগটি আমলে গ্রহণযোগ্যতার বিষয়ে ১০-০২-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে অভিযোগকারীর প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব মোঃ সিফাতুল্লাহ সাঈদী তথ্য প্রাপ্ত হয়ে তথ্য কমিশনে অভিযোগ প্রত্যাহারের আবেদন করে গরহাজির। প্রতিপক্ষ খোদেজা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সদর, কুষ্টিয়া অভিযোগকারীকে তথ্য সরবরাহ করে তথ্যের একটি কপি কমিশন বরাবর প্রেরণ করে অভিযোগকারীর অভিযোগ প্রত্যাহারের আবেদনটি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করে গরহাজির।

পর্যালোচনা

যেহেতু, খোদেজা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সদর কুষ্টিয়া অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য প্রদান করেছেন এবং তার একটি কপি তথ্য কমিশনে প্রেরণ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ প্রত্যাহারের আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

(অ: পৃ: দ্র:)

সিদ্ধান্ত।

যেহেতু, খোদেজা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), কুষ্টিয়া সদর কুষ্টিয়া অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য প্রদান করেছেন এবং তার একটি কপি তথ্য কমিশনে প্রেরণ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ প্রত্যাহারের আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(নেপাল চন্দ্র সরকার)
তথ্য কমিশনার

স্বাক্ষরিত
(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)
প্রধান তথ্য কমিশনার